# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ২২৭৭ জে, তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ০৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: কুমিল্লার অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালতে কর্মরত "ড্রাইভার" জনাব মাঞ্জারুল ইসলাম-এর ক্যান্সারজনিত চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা জজ এর কার্যালয়, কুমিল্লা এর গত ০৮.০২.২০২৩ খ্রিস্টাব্দের ৬৮ জে:জ:কুমিল্লা(প্র:বি:)/২০২৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মাঞ্জারুল ইসলাম কুমিল্লার অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালতের একজন গাড়ি চালক হিসেবে কর্মরত আছেন। তিনি দীর্ঘদিন যাবৎ বিভিন্ন শারীরিক জটিল অসুস্থতাসহ পিত্তথলী ক্যান্সারে ভোগছেন। বিগত তারিখগুলোতে ডাক্তারের শরণাপন্ন হলেও কোনো ফলপ্রসূ শারীরিক উন্নতি হয়নি। বরং দিন দিন তার শারীরিক অবস্থা আরো অবনতির দিকে যাচ্ছে। উলেখ্য যে, ইতোপূর্বে লিভার টিউমার অপারেশনজনতি কারণে মুমূর্ষু অবস্থায় অর্থাভাবে হাসপাতালে দিনযাপন করাকালে তার আবেদনের প্রেক্ষিতে অত্র কোর্টের হাইকোর্ট বিভাগ, ঢাকা (বিচার শাখা) এর বিগত ০১.০৬.২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)-৪৬৩৫ জে মূলে আর্থিক সাহায্য প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারী করা হয়। তৎপ্রেক্ষিতে মাত্র কয়েকটি জেলা হতে অল্প পরিমাণ অর্থ পাওয়া যায়। যা চিকিৎসা পরিচালনা করার তুলনায় অত্যন্ত অপ্রতুল ছিল। বর্তমানে তার শারীরিক অবস্থার তেমন কোনো অগ্রগতি হয়নি বরং ক্যান্সার জনিত কারণে তাকে কেমোথেরাপি গ্রহণ করতে হচ্ছে। উক্ত চিকিৎসা পরিচালনা করতে প্রায় ১০,০০,০০০/-(দশ লক্ষ টাকা) প্রয়োজন। তিনি নিম্ন বেতনভূক্ত কর্মচারী হওয়ায় উক্ত চিকিৎসার ব্যয় বহন করার সামর্থ তার সাধ্যের বাইরে। বর্ণিতাবস্থায়, তিনি বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট জরুরী আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, কুমিল্লার অতিরিক্ত জেলা ও দায়রা ২য় আদালতে কর্মরত "ড্রাইভার" জনাব মাঞ্জারুল ইসলাম-এর **'ক্যান্সারজনিত** চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রেরণপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
জনাব মাঞ্জারুল ইসলাম
**রূপালী ব্যাংক লিমিটেড, মনোহরপুর কর্পোরেট শাখা, কুমিল্লা**
**সঞ্চয়ী হিসাব নং- ২২০৪০১০০১১২০৬**
**বিকাশ নম্বর-০১৮৬৬৫২৯৬৬০**

**স্বা:/-**
**(এসকে.এম. তোফায়েল হাসান)**
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ২২৭৭ জে, তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ০৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, --------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,--------- --------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,---------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, --------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমনট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ............................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।

(২–১৬: প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের)



dextop/Help application

১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

RRahman
06.03.23
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২



desktop/Help application